

দল বেঁধে সব করছে খেলা, গাইছে হেসে হেসে
বাড়ীর পথে হাঁটেন রাসুল ঈদের নামাজ শেষে ।

দেখেন সবাই আনন্দে উচ্ছল,
শুধু একটি ছেলে পথের ধারে চোখ দুটো ছলছল ।
থমকে দাঁড়ান দয়ার নবী, অন্তরে পান ব্যাথা
প্রশ্ন করেন কাঁদছ কেন পথের কিনার ঘেঁসে?
যুদ্ধে আমার আব্বু শহীদ, আম্মুও নেই বেঁচে
কেমন করে আনব হাসি দুঃখ নদী সৈঁচে ।
কেউ তো আমায় আদর করে দেয়নি আতর মেখে
আমার সাথে কেউ খেলে না লাল জামা নেই দেখে ।
থমকে দাঁড়ান দয়ার নবী, অন্তরে পান ব্যাথা
কল্পনাতে নিজের জীবন ছবি ওঠে ভেসে ।
ছোট বুক কষ্ট আহা কি যে!
ভাবতে গিয়ে নবীর চোখও অশ্রুতে যাই ভিজে ।

আজকে থেকে আব্বু আমি, আয়েশা তোমার মা
রইল না আর সেই ছেলেটির দুঃখ অবশেষে